

বাংলাদেশ সুপ্রীম কোর্ট
হাইকোর্ট বিভাগ, ঢাকা।
(পত্র বিনিময় শাখা)

স্মারক নং ২৭২৪৯(৩-২)জি,

তারিখ- ০৩/০৮/২০১৫ খ্রিঃ

বিষয়ঃ- মহামান্য রাষ্ট্রপতি কর্তৃক বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের ২(দুই) জন অতিরিক্ত বিচারক-কে বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের বিচারক হিসেবে নিয়োগের প্রেক্ষিতে তাঁদের শপথ গ্রহণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানাচ্ছি যে, মহামান্য রাষ্ট্রপতি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ৯৫ অনুচ্ছেদে প্রদত্ত ক্ষমতাবলে বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের অতিরিক্ত বিচারক ১। বিচারপতি মোঃ শাহিনুর ইসলাম এবং ২। বিচারপতি কাশেফা হোসেন-কে বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের বিচারক হিসেবে নিয়োগ প্রদান করেছেন। তাঁদের উক্ত নিয়োগের বিষয়ে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ১৯ শ্রাবণ ১৪২২ বঙ্গাব্দ, ৩ আগস্ট ২০১৫ খ্রিঃ তারিখের ১০. ০০. ০০০০. ১২৮. ০১১. ০১০. ২০১২-৮০৩ নম্বর প্রজ্ঞাপন জারি করা হয়েছে।

০২। আগামী ৫ আগস্ট ২০১৫ খ্রিঃ, ২১ শ্রাবণ ১৪২২ বঙ্গাব্দ রোজ বুধবার সকাল ১০:৩০ ঘটিকায় বাংলাদেশ সুপ্রীম কোর্টের জাজেস লাউঞ্জে নবনিয়োগকৃত মাননীয় বিচারকগণকে বাংলাদেশের মাননীয় প্রধান বিচারপতি শপথ পাঠ করাবেন।

০৩। এমতাবস্থায়, উক্ত অনুষ্ঠানের সংবাদ সংগ্রহ ও চিত্র ধারণ করার জন্য আপনার কার্যালয়ের সংশ্লিষ্ট সাংবাদিক/ফটোগ্রাফার/ক্রু-গণকে প্রয়োজনীয় কারিগরী যন্ত্রপাতিসহ আগামী ৫ আগস্ট ২০১৫ খ্রিঃ, ২১ শ্রাবণ ১৪২২ বঙ্গাব্দ রোজ বুধবার সকাল ১০:০০ ঘটিকায় বাংলাদেশ সুপ্রীম কোর্টের জাজেস লাউঞ্জে উপস্থিত থাকার প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য আপনাকে অনুরোধ করা হলো।

স্বা/-

(মোঃ আজিজুল হক)

ডেপুটি রেজিস্ট্রার(প্রশাসন ও বিচার)

ফোনঃ ৯৫৬৬৮২৬।

কার্যার্থে কপি বিতরণঃ

- ১। প্রধান তথ্য অফিসার তথ্য অধিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। পরিচালক (বার্তা), বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকা।
- ৩। পরিচালক (বার্তা), বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা।
- ৪। চীফ রিপোর্টার, বাসস, ৬৮/২, পুরানা পল্টন, ঢাকা (সকল প্রিন্টিং এবং ইলেকট্রনিক মিডিয়ায় প্রচারের অনুরোধসহ)।
- ✓ ৫। সিস্টেম এনালিস্ট, আই টি শাখা, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা (ওয়েব সাইডে প্রচারের অনুরোধ সহ)
- ৬। ইউএনবি কসমস সেন্ট্রার, ৬৯/১, নিউ সার্কুলার রোড, মগবাজার, ঢাকা।

(মোঃ ইসমাইল হোসেন)

সহকারী রেজিস্ট্রার(প্রশাসন)

(ভারপ্রাপ্ত)